

# এসএসসি নির্বাচনী পরীক্ষার ফল ও ফরম পূরণের তারিখ নির্ধারণ

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০২৩, ০৯:৪৬



প্রতীকী ছবি

এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনী (টেস্ট) পরীক্ষার ফল প্রকাশ ও ফরমপূরণ শুরুর তারিখ জানিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। দেশের সাধারণ অন্য আট শিক্ষা বোর্ডও অধীনস্থ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে একই নির্দেশনা দেওয়া হয়।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

রোববার (২৪ সেপ্টেম্বর) ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশারের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বোর্ডের নির্দেশনা অনুযায়ী ২৬ অক্টোবরের মধ্যে নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করতে হবে। ৩০ অক্টোবর থেকে এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ শুরু হবে।

ফরম পূরণের সময়সীমা ও পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি পরে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

বোর্ড সূত্র জানা গেছে, এ বছর এসএসসির নির্বাচনী পরীক্ষা শুরু হবে ১ অক্টোবর এবং চলবে ১৬ অক্টোবর পর্যন্ত। স্কুলগুলোকে টেস্ট পরীক্ষার প্রশ্নও সরবরাহ করবে বোর্ড।

বোর্ডের প্রশ্নের বাইরে কোনো স্কুলে পরীক্ষা নেওয়া হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করার কথা ও জানানো হয়েছে। সময়সূচিতে উল্লেখ না থাকা বিষয়গুলোর প্রশ্ন প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নিজ দায়িত্বে প্রণয়ন করতে হবে।

ইত্তেফাক/কেকে